EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-55662000
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://dhaka.usembassy.gov

PRESS RELEASE

পঞ্চম ক্যারাট বাংলাদেশ এর মাধ্যমে সমুদ্রসীমা নিরাপত্তা সহযোগিতা দৃঢ় করছে যুক্তরাষ্ট্র-বাংলাদেশ নৌবাহিনী

ঢাকা, ২৯ সেপ্টেম্বর, ২০১৫ - যুক্তরাষ্ট্র নৌবাহিনী, যুক্তরাষ্ট্র মেরিন কোর এবং বাংলাদেশ নৌবাহিনীর পরিচালনায় অনুষ্ঠিত হতে যাওয়া ৫ম বার্ষিকী কো-অপারেশন এ্যাফ্লোট রেডিনেস এন্ড ট্রেইনিং (ক্যারাট) বাংলাদেশ অনুশীলন এর উদ্বোধনী অনুষ্ঠান নৌবাহিনী ঘাটি ইসা খাঁ তে ৩০শে সেপ্টেম্বর শুরু হচ্ছে। ৪ঠা অক্টোবর পর্যন্ত অনুষ্ঠিত হওয়া পাঁচদিনব্যপী ক্যারাট বাংলাদেশ ২০১৫ এর অনুশীলন সাজানো হয়েছে তীরে এবং সমুদ্রে, যৌথ সমুদ্রসীমা নিরাপত্তা অগ্রাধিকার এবং অংশগ্রহণকারী বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের নৌবাহিনীর মধ্যে সম্পর্ক উন্নয়ন ও সহযোগিতা বৃদ্ধির ভিত্তিতে। ক্যারাট যুক্তরাষ্ট্র নৌবাহিনী, যুক্তরাষ্ট্র মেরিন কোর এর সাথে ইতোমধ্যে যোগ হয়েছে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার নয়টি দেশের সশস্ত্র বাহিনীর সাথে একটি ধারাবাহিক দ্বিপাক্ষিক অনুশীলন।

"বাংলাদেশ নৌবাহিনীর সাথে আমাদের অংশীদারিত্ব পূর্ণতা ও বৃদ্ধি পাচ্ছে আমাদের নিয়মিত কার্যক্রম এবং দৃঢ় সম্পর্কের ভিত্তিতে যা আমরা অংশীদার হিসেবে সম্প্রসারিত করেছি," বলেন রিয়ার অ্যাডমিরাল চার্লি উইলিয়ামস, কমান্ডার, টাস্ক ফোর্স (সিটিএফ) ৭৩। "এই সম্পর্ক ক্যারাটকে বিশ্বাসযোগ্য করবে যা দক্ষতা, জ্ঞান বৃদ্ধি এবং এই গুরুত্বপূর্ণ অঞ্চলের সামুদ্রিক নিরাপত্তা সহযোগিতা চর্চায় সহায়তা করবে।

২০১১ সালে, শুরু হওয়া ক্যারাট বাংলাদেশএক দশকেরও বেশি সময় ধরে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে প্রথম পরিচালিত নৌ-অনুশীলন। যদিও বাংলাদেশ নতুন অংশগ্রহণকারী তবে তারা ক্যারাট সিরিজে দক্ষিণ এশিয়ার একমাত্র দেশ এবং এই অনুশীলন ক্রমবর্ধমান বৈচিত্র্য ও আন্তঃপরিচালন ব্যবস্থা নিয়ে প্রতিবছর ধারাবাহিকভাবে অগ্রসর হচ্ছে ।

"প্রতি বছর আমরা বাংলাদেশ সশস্ত্রবাহিনীর কার্যক্রম, সরঞ্জাম এবং কর্মকর্তাদের সাথে আরো পরিচিত হই," বলেন ক্যাপ্টেন এইচ. বি. লি, কমোডর, ডেস্ট্রয়ার স্কোয়াড্রন (ডিইএসআরওএন) সেভেন। "এটা খুবই গুরুত্বপূর্ণ যে আমরা একসাথে কাজ করি, জ্ঞান

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-55662000
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://dhaka.usembassy.gov

PRESS RELEASE

বিনিময় এবং একে অপরের কাছ থেকে শিখতে পারি যাতে দু'দেশের যৌথভাবে কাজ করার আহ্বান আসলে আমরা দক্ষতা ও কার্যকরিতার সাথে তা পালন করতে পারি।

ক্যারাট এর দৃশ্য পরিবর্তিত হয় বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের সমুদ্রসীমা নিরাপত্তার অগ্রাধিকারের ভিত্তিতে, যেমন জলদস্যুতা রোধ, চোরাচালান রোধ, সমুদ্রে নিরাপত্তাজনিত তৎপরতা এবং বন্দর নিরাপত্তা। এই ধারাবাহিক অনুশীলন এ উদ্ধারকাজ, সামরিক আইন ও চিকিৎসা, এবং মানবিক সহায়তা/দুর্যোগে সাড়া দেয়া এর উপর সর্বশেষ উৎকৃষ্ট উদাহরণগুলো নিয়ে আলোচনা করা হয়।

ক্যারাট ২০১৫ সালে প্রথমবারের মত সমুদ্রতীর নিরাপত্তায় যুদ্ধজাহাজ বাংলাদেশ নৌবাহিনীর সাথে অনুশীলনে অংশ নিচ্ছে, যাতে এই অনুশীলনের বৈচিত্র্য ও দু'দেশের মধ্যে আন্তঃপরিচালনা অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। বঙ্গোপসাগরে সমুদ্রতীর নিরাপত্তায় যুদ্ধজাহাজ ইউএসএস ফোর্ট ওয়র্থ এবং ডুবুরী ও উদ্ধারকারী দলসহ ডুবুরী ও উদ্ধার জাহাজ ইউএসএনএস সেফগার্ড বাংলাদেশ নৌবাহিনীর জাহাজ ও উড়োজাহাজ এর সাথে অনুশীলনে অংশ নিচ্ছে। একটি যুক্তরাষ্ট্রের সমুদ্রসীমা টহল উড়োজাহাজ ইউএস পি-৩ অরিওন ক্যারাট বাংলাদেশ অনুশীলনে অংশ নিচ্ছে, এর সাথে বাংলাদেশ নৌবাহিনীর ডর্নিয়ার যুক্ত হয়ে নৌ-বিমান প্রশিক্ষণ উচ্চ পর্যায়ে নিয়ে যাবে যা যৌথ সমুদ্রসীমার ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করবে । যুক্তরাষ্ট্র নৌবাহিনীর ডুবুরী এবং বিস্ফোরক অর্ডন্যান্স ডিস্পোসাল বিশেষজ্ঞরা অনুশীলনে অংশ নিবেন তাদের অপরপক্ষের এলিট ফোর্স বাংলাদেশ নৌবাহিনীর স্পেশ্যাল ওয়ারফেয়ার ডাইভিং এন্ড স্যালভেজ ইউনিট (এসডব্লিএডিএস) এর সাথে চট্টগ্রাম ও পার্শ্ববর্তী এলাকায়। অনুশীলনে অন্তর্ভুক্ত থাকবে ক্ষুদ্র আকারের যুদ্ধ, ছোট নৌকার রক্ষণাবেক্ষণ, কোন কিছু গুড়িয়ে দেয়া ও ডুবুরীদের উদ্ধার কাজ।

সম্বর্ধনা, খেলাধূলা এবং স্থানীয় সেবা প্রকল্প দুই নৌবাহিনীর মধ্যে ব্যক্তিগত সম্পর্ক উন্নয়নের সুযোগ বিস্তার করবে।

২১তম বছরে এসে ক্যারাট এ বর্তমানে অন্তর্ভুক্ত হয়েছে বাংলাদেশ, ব্রুনেই, ক্যামবোডিয়া, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ফিলিপাইনস্, সিঙ্গাপুর, থাইল্যান্ড এবং পূর্ব-তিমূর। ক্যারাট বাংলাদেশের পর ক্যারাট ২০১৫ শেষ পর্ব অনুষ্ঠিত হবে নভেম্বরে ব্রুনেই ও ক্যামবোডিয়ায়।

==========